মুজিববর্ষের অঙ্গীকার
শোভন কর্মপরিবেশ হোক
সবার


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
সাধারণ শাখা
শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০.
www.dife.gov.bd


বিষয়ঃ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের SDG এর Indicator ৮.৫, ৮.৭ ও ৮.৮ বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ৪০.০০.০০০০.০৩৫.১০.০০১.২০.২৮ ১৫ জুলাই ২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর SDG বাস্তবায়নে নিম্নোক্ত Target সমূহ পূরণের লক্ষ্যে যে সমস্ত কার্যক্রম গ্রহণ করেছে তা নিম্নরূপঃ

| ক্রমিক নং | বিষয় ও আলোচনা | | বাস্তবায়িত পদক্ষেপ সমূহ |
|---|---|---|---|
| | SDG Target(লক্ষ্য) | Indicator(নির্দেশক) | |
| ১. | লক্ষ্যঃ ৮.৫<br>২০৩০ সাল নাগাদ যুবক যুবতি এবং প্রতিবন্ধীসহ সকল নারী পুরুষের জন্য পূর্ণ কর্মসংস্থান এবং শোভন কর্মপরিবেশ নিশ্চিত ও সকল কাজের জন্য লিঙ্গাভিত্তিক সমবেতন প্রদান করতে হবে। | # শ্রমিকদের পরিবার এবং ব্যক্তিগত জীবনে কাজের সমন্বয় করা। | ক) শ্রমিকদের পরিবার এবং ব্যক্তিগত জীবনের সাথে মিল রেখে চাকুরী বা পেশা নির্ধারণ করে জেলা পর্যায়ের পরিদর্শকগন কাজ করছে।<br><br>খ) কাজের ধরন অনুযায়ী শ্রমিকদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br><br>গ) প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক শিল্প সেক্টরে নিয়োজিত নারী-পুরুষ নির্বিশেষে লিঙ্গাভিত্তিক সমমজুরী নিশ্চিত করার জন্য পরিদর্শকগন কাজ করছে।<br><br>ঘ) কর্মক্ষেত্রে যুবক- যুবতি ও প্রতিবন্ধীসহ সকল নারী পুরুষের জন্য পূর্ণ কর্মসংস্থান নিশ্চিত করতে একটি পৃথক দপ্তর/ অধিদপ্তর সৃষ্টি করতে মন্ত্রণালয়ে ইতিমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে। |

| | | | |
|---|---|---|---|
| | | # নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণ | ক) SDG বিষয়ক জ্ঞান অর্জনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক জনাব মোকাম্মেল হোসেনের উপস্থিতিতে DIFE- এ কর্মশালার আয়োজন করা হয়েছে। |
| ২. | লক্ষ্যঃ ৮.৭<br>২০২৫ সাল নাগাদ শিশু শ্রমের দাসত্ব, মানব পাচার বন্ধ ও কর্মক্ষেত্রে শিশু শ্রমিক নিয়োগ করা অনতিবিলম্বে বন্ধ ও কার্যকরী পদক্ষেপ নিশ্চিত করতে হবে। | # মৃত্যুজনিত ও মারাত্মক পেশাগত ব্যাধির আনুপাতিক হার নির্ধারণ।<br><br># শিশু শ্রমের সাথে জড়িত ৫-১৭ বছরের বাচ্চাদের সংখ্যা নিরুপণ।<br><br># ২০১৯-২০২০ অর্থবছরের টার্গেট- প্লাস্টিক, হোটেল, বেকারী,ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ ও শিশুশ্রম নিরসন করা। | ক) ৩৮ টি ঝুঁকিপূর্ণ সেক্টর পরিদর্শন করে শিশুশ্রম সনাক্ত করে শিশুশ্রমের উপর নিরুৎসাহিত করা হচ্ছে।<br><br>খ) শিশু শ্রম বন্ধে শিশু শ্রমের কারণ সনাক্ত করে পূর্নবাসনের ব্যবস্থার জন্য কাজ করা হচ্ছে।<br><br>গ) বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে সমন্বয় করে বিভাগ, জেলা ও উপজেলা ভিত্তিক পর্যায়ে শিশুশ্রম নিরসন কমিটি কাজ করছে।<br><br>ঘ) শিশুশ্রম নিরসনে বাস্তব তথ্যভিত্তিক একটি চেকলিষ্ট প্রস্তুত করা হয়েছে।<br><br>ঙ) শ্রম পরিদর্শক ও পরিদর্শন কার্যক্রম বৃদ্ধি ও গতিশীল করতে সহকারী মহাপরিদর্শক ও রেগুলার পরিদর্শন কার্যক্রম পরিচালনা করছে।<br><br>চ) শিশুশ্রম কেন্দ্রীয় কমিটি শিশুশ্রম নিরসনের কার্যক্রম অব্যাহত রেখেছে। শিশুশ্রম বন্ধ করার জন্য শ্রম আদালতে মামলা দায়েরপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br><br>ছ) এছাড়া ৬টি সেক্টরে (শিপব্রেকিং, সিল্ক, ট্যানারি, কাঁচ, সিরামিক ও চামড়াজাত দ্রব্য) শিশুশ্রম নিরসন করা হয়েছে এবং বাকী সেক্টরগুলিতে শিশুশ্রম নিরসনের জন্য কাজ চলমান। |
| ৩. | লক্ষ্যঃ৮.৮<br>কর্মক্ষেত্রে লিঙ্গাভিত্তিক সকল শ্রমিকদের শ্রম অধিকার রক্ষা, অভিবাসী বিশেষ করে নারী অভিবাসীদের অনিচ্ছুক কর্মসংস্থান এবং সকল শ্রমিকদের জন্য নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করা। | # কর্মক্ষেত্রে নিরাপত্তা এবং কাজের স্থায়িত্বকাল সৃষ্টি করা।<br><br># নিরাপদ কর্মপরিবেশ তৈরি করা।<br><br># OSH Institute and Research Centre স্থাপন করা হয়েছে রাজশাহী বিভাগে। | ক) কর্মক্ষেত্রে দুর্ঘটনার হার কমানো । স্ব স্ব অধিক্ষেত্রে পরিদর্শনের হার বৃদ্ধি করে Complience এর জন্য নোটিশ প্রদান এবং প্রয়োজনে আইনানুগ পদক্ষেপ হিসেবে শ্রম পরিদর্শকগন মামলা দায়ের করছে। এছাড়া ডেনমার্ক সরকারের সহযোগিতায় কেমিক্যাল সেইফটি, আরগোনিমিক্স মেশিনারী সেইফটি, কনস্ট্রাকশন সেইফটি বিষয়ক কার্যক্রম অব্যাহত রয়েছে। |

| | | | |
|---|---|---|---|
| | | #R.C.C প্রকল্পের কাজ চলমান। | খ) ILO এর সহযোগিতায় Occupational health safety নিশ্চিত করা হচ্ছে। এছাড়া GOB অর্থায়নে নবসৃষ্ট RMG কারখানাসমূহ। কেমিক্যাল ও প্লাস্টিক কারখানার সেইফটি ইস্যু নিশ্চিত করার জন্য প্রকল্প গ্রহন করা হয়েছে।<br><br>গ) R.C.C এর Cap প্রকল্পের আওতায় ১৩১ জন প্রকৌশলী নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতে অবিরাম কার্যক্রম চালিয়ে যাচ্ছে। |

ইহা আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

২২.০৭.২০২০

সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা।


শিবনাথ রায়
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৮৩৯১৩৪৮

E-mail: chiefdife@gmail.com


দৃষ্টি আকর্ষণঃ মো: হুমায়ুন কবীর, উপপ্রধান, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা।

# SDG বাস্তবায়ন ও মনিটরিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতিঃ শিবনাথ রায়
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

তারিখঃ ১৬ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ

সময়ঃ সকাল ১০.০০ ঘটিকায়

স্থানঃ মহাপরিদর্শকের সভাকক্ষে।

উপস্থিতিঃ পরিশিষ্ট-'খ'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী মহাপরিদর্শক (সেফটি) অত্র অধিদপ্তরের কার্যক্রমের সাথে সম্পর্কিত SDG ইস্যুসমূহ উপস্থাপন করেন। এছাড়া সভায় SDG এর লক্ষ্য অর্জনে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের গৃহীত পদক্ষেপ ও লক্ষ্যমাত্রা সমূহ নিয়ে আলোচনা করা হয়। সভাপতি মন্ত্রণালয়ের গৃহীত লক্ষ্যমাত্রা সমূহের আলোকে অধিদপ্তরের বিভিন্ন শাখার জন্য পৃথক Plan of Action (কর্ম পরিকল্পনা) তৈরির নির্দেশ দেন।

| ক্র. নং | বিষয় ও আলোচনা | | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত শাখা |
|---|---|---|---|---|
| | SDG Target (লক্ষ্য) | Indicator (নির্দেশক) | | |
| ১. | লক্ষ্য : ৮.৫<br>২০৩০ সাল নাগাদ যুবক যুবতি এবং প্রতিবন্ধীসহ সকল নারী পুরুষের জন্য পূর্ণ কর্মসংস্থান এবং শোভন কর্মপরিবেশ নিশ্চিত ও সকল কাজের জন্য লিঙ্গাভিত্তিক সম বেতন প্রদান করতে হবে। | * শ্রমিকদের পরিবার এবং ব্যক্তিগত জীবনে কাজের সমন্বয় করা। | আগামী ০১ মাসের মধ্যে প্রত্যেক শাখা Short term, Medium term এবং Long term কর্ম পরিকল্পনা জমা দিবেন। | সাধারণ শাখা ও উপমহাপরিদর্শকের কার্যালয় |
| | | * নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণ | আগামী ০১ মাসের মধ্যে প্রত্যেক শাখা Short term, Medium term এবং Long term কর্ম পরিকল্পনা জমা দিবেন। | সেফটি শাখা ও উপমহাপরিদর্শকের কার্যালয় |
| ২. | লক্ষ্য : ৮.৭<br>২০২৫ সাল নাগাদ শিশু শ্রমের দাসত্ব, মানব পাচার বন্ধ ও কর্মক্ষেত্রে শিশু শ্রমিক নিয়োগ করা অনতিবিলম্বে বন্ধ ও কার্যকরী পদক্ষেপ নিশ্চিত করতে হবে। | * মৃত্যুজনিত ও মারাত্মক পেশাগত ব্যাধির আনুপাতিক হার নির্ধারণ।<br>* শিশু শ্রমের সাথে জড়িত ৫-১৭ বছরের বাচ্চাদের সংখ্যা নিরুপণ। | আগামী ০১ মাসের মধ্যে প্রত্যেক শাখা Short term, Medium term এবং Long term কর্ম পরিকল্পনা জমা দিবেন। | স্বাস্থ্য শাখা ও উপমহাপরিদর্শকের কার্যালয় |
| ৩. | লক্ষ্য : ৮.৮<br>কর্মক্ষেত্রে লিঙ্গাভিত্তিক সকল শ্রমিকদের শ্রম অধিকার রক্ষা, অভিবাসী | * কর্মক্ষেত্রে নিরাপত্তা এবং কাজের স্থায়িত্বকাল সৃষ্টি করা<br>* নিরাপদ কর্মপরিবেশ তৈরি করা। | আগামী ০১ মাসের মধ্যে প্রত্যেক শাখা Short term, Medium term | সেফটি শাখা ও উপমহাপরিদর্শকের কার্যালয় |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | বিশেষ করে নারী অভিবাসীদের অনিচ্ছুক কর্মসংস্থান এবং সকল শ্রমিকদের জন্য নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করা। | **Per year-Fatal Injuries** | | | | এবং Long term **কর্ম পরিকল্পনা** জমা দিবেন। | |
| | | **Year** | **2020** | **2025** | **2030** | | |
| | | **No of Injuries** | < 300 | < 200 | < 100 | | |
| | | **Per year-Non-Fatal Injuries** | | | | | |
| | | **Year** | **2020** | **2025** | **2030** | | |
| | | **No of Injuries** | < 200 | < 150 | < 100 | | |
| ৪. | কমিটির সভা অনুষ্ঠান | | | | | প্রতি মাসের পরিবর্তে প্রতি তিন মাস অন্তর অন্তর কমিটির সভা অনুষ্ঠিত হবে। | সাধারণ শাখা |

আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


শিবনাথ রায়
(অতিরিক্ত সচিব)
মহাপরিদর্শক
ফোন:৫৫০১৩৬২৬
E-mail: chiefdife@gmail.com


বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে।

১) অতিরিক্ত মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
২) সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩) যুগ্ম মহাপরিদর্শক, সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৪) যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৫) যুগ্ম মহাপরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৬) যুগ্ম মহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৭) উপমহাপরিদর্শক, সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৮) উপমহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৯ ) উপমহাপরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১০) উপমহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১১) স্টাফ অফিসার টু আইজি, কলকারখানা
১২) উপমহাপরিদর্শকের কার্যালয়, সকল জেলা।